

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শৃঙ্খলা বিষয়ক শাখা
www.shed.gov.bd

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.০০১.২০২২. ৬৬

তারিখ:

১৩ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ
২৮ নভেম্বর ২০২২ খ্রি.

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব রওশন আরা বেগম (৩৩৪৭), সহযোগী অধ্যাপক (হিসাববিজ্ঞান), সরকারি আশেক মাহমুদ কলেজ, জামালপুর (প্রাক্তন সহযোগী অধ্যাপক হিসাববিজ্ঞান (ফিন্যান্স এন্ড ব্যাংকিং পদের বিপরীতে), সরকারি তিতুমীর কলেজ, ঢাকায় কর্মরত থাকাকালীন উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে অসদাচরণ এবং কোভিড এর সময় অনলাইনে ক্লাস নেয়ার নির্দেশনা থাকলেও ১ (এক) বছর ২ (দুই) মাস একটি অনলাইন ক্লাসেও অংশগ্রহণ না করে বিনা অনুমতিতে কর্মে হতে অনুপস্থিত থাকার অভিযোগে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) বিধি অনুযায়ী বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, গত ০৩/০৭/২০২২ খ্রিস্টাব্দে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। শুনানিতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক না হওয়ায় আনীত অভিযোগ তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তার দাখিলকৃত প্রতিবেদন মতে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে ১ (এক) বছর ২ (দুই) মাস অনলাইনে একটিও ক্লাস না নেয়ার অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখ করা হয়েছে;

যেহেতু, তার লিখিত জবাব ও তদন্ত প্রতিবেদন পর্যালোচনা করে তাকে “তিরস্কার” লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব রওশন আরা বেগম (৩৩৪৭), সহযোগী অধ্যাপক (হিসাববিজ্ঞান), সরকারি আশেক মাহমুদ কলেজ, জামালপুর -কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(১)(ক) অনুযায়ী “তিরস্কার” লঘুদণ্ড প্রদান করা হলো এবং তার অননুমোদিত অনুপস্থিতিকাল ১৪/১১/২০২০ খ্রিস্টাব্দ হতে ১৪/০১/২০২২ খ্রিস্টাব্দ পর্যন্ত ০১ (এক) বছর ০২ (দুই) মাস বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে গণ্য করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

তারিখ: ২১/১১/২০২২

(মোঃ আবু বকর ছিদ্দীক)

সচিব

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.০০১.২০২২. ৬৬/০ (৭)

তারিখ:

১৩ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ
২৮ নভেম্বর ২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব রওশন আরা বেগম এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। উপসচিব (কলেজ-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অধ্যক্ষ, সরকারি আশেক মাহমুদ কলেজ, জামালপুর।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। জেলা হিসাবরক্ষণ ও ফিন্যান্স কর্মকর্তা, জামালপুর।
- ৭। জনাব রওশন আরা বেগম (৩৩৪৭), সহযোগী অধ্যাপক (হিসাববিজ্ঞান), সরকারি আশেক মাহমুদ কলেজ, জামালপুর।

26.11.2022

(আবু সাঈদ মো: ফজলে এলাহী)

উপসচিব

ফোন: ২২২৩৩৫৪২৬৫